

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

প্রশাসন বিভাগ

১৬, আব্দুল গণি রোড, ঢাকা

www.dgfood.gov.bd

আদেশ

জনাব মোঃ আফজাল হোসেন (আজ্ঞার), খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাদুল্লাপুর সংযুক্তি-উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর বিরুদ্ধে বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট, ঠাকুরগাঁওয়ে ২টি সি.আর. মামলা দায়ের করা হয়। পরবর্তীতে মামলা দুটির বিচার কার্যক্রম দায়রা জজ আদালত, ঠাকুরগাঁওয়ে (দায়রা মামলা নং ১০৮/১৬ এবং ১০৯/১৬ হিসাবে) শুরু হয়। বিজ্ঞ আদালত শুনানি কালে The Negotiable Instrument Act, 1881 এর ধারা ১৩৮ অনুসারে বিবাদী জনাব মোঃ আফজাল হোসেন আদালতে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে শ্রেফতারী পরোয়ানা জারি করে। অপরদিকে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক গত ১৮-০২-২০১৬ এবং ২৭-০২-২০১৬ তারিখে দুটি দৈনিক পত্রিকায় জনাব মোঃ আফজাল হোসেনকে পলাতক আসামি হিসাবে গণ্য করে স্বশরীরে আদালতে হাজির হওয়ার জন্য নির্দেশনা দিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করে।

বিজ্ঞ যুগ্ম দায়রা জজ, ঠাকুরগাঁও কর্তৃক দায়রা ১০৮/১৬ নং মামলার রায়ে জনাব মোঃ আফজাল হোসেন (আজ্ঞার), খাদ্য পরিদর্শককে ১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড এবং ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জরিমানা এবং দায়রা ১০৯/১৬ নং মামলার রায়ে পুনরায় ১ (এক) বছরের সশ্রম কারাদণ্ড এবং অনাদায়ে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা ধার্য করা হয়।

গণকর্মচারী (সাজাপ্রাপ্তিতে বরখাস্ত) অধ্যাদেশ, ১৯৮৫ {২০১৩ সালের ৭ নং আইন দ্বারা এই অধ্যাদেশের কার্যকারীতা বহাল আছে} অনুযায়ী বিচারিক আদালত কর্তৃক জনাব মোঃ আফজাল হোসেন, খাদ্য পরিদর্শককে দুটি মামলায় ২ বছর কারাদণ্ড এবং ১২(বার) লক্ষ টাকা আর্থিক দণ্ড প্রদান করায় তাকে ১৭-১০-২০১৭ তারিখ থেকে চাকরি হতে বরখাস্ত করা হলো।

(মোঃ আরিফুর রহমান অপু)

মহাপরিচালক

ফোনঃ ৯৫৮৪৮৩৪

email: dg@dgfood.gov.bd

তারিখঃ ০৬/১০/২০১৮ খ্রি.

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.১৯.১৭৯.১৭- ১৭০২ (৩৫)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেওয়া হলো :-

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপ সচিব, প্রশাসন-২ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা। অবগতি ও ১৭/১০/২০১৭ তারিখ হতে অদ্যাবধি আহরিত বেতন-ভাতাদি সরকারি কোষাগারে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। উপ পরিচালক (তদন্ত ও মামলা), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাদুল্লাহপুর, গাইবান্ধা/গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সাদুল্লাহপুর, গাইবান্ধা/গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ১১। জনাব মোঃ আফজাল হোসেন (আজ্ঞার), প্রাক্তন খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাদুল্লাপুর সংযুক্তি-উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। আপনাকে ১৭/১০/২০১৭ তারিখ হতে অদ্যাবধি আহরিত বেতন-ভাতাদি ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১২। অফিস কপি/মাস্টার কপি।

(মামুন আল মোর্শেদ চৌধুরী)

উপ-পরিচালক (সংস্থাপন)

ফোন-৯৫৬১২০৯